গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ভবন, রমনা, ঢাকা-১০০০
www.wewb.gov.bd

নং-৪৯.০৪.০০০০.০০৪.১৮.১১৬.১৮- ৮৩ তারিখ: ১৩ মার্চ ২০১৮

**বিষয় : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ফেব্রুয়ারি ২০১৮ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

সভাপতি : গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি
মহাপরিচালক (অতিরিক্ত সচিব), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।

স্থান : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর সম্মেলন কক্ষ।

তারিখ ও সময় : ০৭ মার্চ ২০১৮, সময় : সকাল ১০.০০ টা।

উপস্থিতি : পরিশিষ্ট ‘‘ক’’।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর, সভাপতির অনুমতিক্রমে পরিচালক (অর্থ ও কল্যাণ) গত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং তা সঠিকভাবে লিপিবদ্ধ হওয়ায় দৃঢ়ীকরণ করা হয়। গত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা হয় এবং বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয় :

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১.০ | আর্থিক অনুদান ও ক্ষতিপূরণ সংক্রান্ত নির্ধারিত “ছক” এ প্রদত্ত তথ্যের উপর আলোচনা। | (ক) প্রবাসী কর্মীর পরিবারকে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান ও বিদেশস্থ নিয়োগকর্তার নিকট হতে মৃত্যুজনিত ক্ষতিপূরণ/ বকেয়া বেতন ও অন্যান্য পাওনাদি বিতরণ সংক্রান্ত নির্ধারিত “ছক” অনুযায়ী বিগত ফেব্রুয়ারি ২০১৮ মাসের প্রাপ্ত তথ্যের উপর বিস্তারিত আলোচনা হয়।<br>সভায় উপস্থাপিত তথ্যে প্রাপ্ত কেইসের চেয়ে নিষ্পন্নকৃত কেইসের সংখ্যা কম হওয়ায় মহাপরিচালক মহোদয় অসন্তোষ প্রকাশ করেন। আগামী মাসে নিষ্পন্নকৃত কেইসের সংখ্যা আরো বৃদ্ধি করতে হবে মর্মে নির্দেশনা প্রদান করেন। | আগামী মাসে কেইস নিষ্পত্তির সংখ্যা আরো বৃদ্ধি করতে হবে মর্মে নির্দেশনা প্রদান করেন। | পরিচালক (অর্থ কল্যাণ) ও পরিচালক (আইআরপি) |
| ২.০ | ইআরপি সিস্টেম ব্যবহার | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সকল কার্যক্রম ইআরপি সিস্টেম এর আওতায় আনয়নের লক্ষ্যে সফট্ওয়ার কোম্পানীর সাথে এসআরএস অনুযায়ী সফট্ওয়ার তৈরী এবং সফট্ওয়ার ব্যবহার উপযোগী হয়েছে কিনা তা নিশ্চিত করা প্রয়োজন। সফট্ওয়ার অসম্পন্ন অথবা ব্যবহার অনুপযোগী হলে উক্ত সমস্যা উদ্‌ঘাটনপূর্বক আগামী ১ (এক) মাসের মধ্যে তা সমাধান করতে হবে, | সফট্ওয়ার কোম্পানীর সাথে এসআরএস অনুযায়ী সফট্ওয়ার তৈরী এবং ব্যবহার উপযোগী হয়েছে কিনা বিষয়টি নিশ্চিত করতে হবে। সফট্ওয়ার অসম্পন্ন অথবা ব্যবহার অনুপযোগী হলে সমস্যা উদ্ঘাটনপূর্বক আগামী ১ (এক) মাসের মধ্যে তা সমাধান করতে হবে, অন্যথায় কোম্পানীর | পরিচালক (আইআরপি) ও পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | অন্যথায় কোম্পানীর এসআরএস অনুযায়ী চুক্তি বাতিল (Abandoned) করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা হয়। | এসআরএস অনুযায়ী চুক্তি বাতিল (Abandoned)করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| ৩.০ | ক্ষতিপূরণ মামলা নিষ্পন্ন। | দুর্ঘটনায় বিদেশে মৃত কর্মীর মৃত্যুজনিত ক্ষতিপূরণ মামলা পরিচালনার জন্য দূতাবাস/মিশন এর চাহিদা মোতাবেক পাওয়ার অব অ্যাটর্নি প্রেরণ সংক্রান্ত নথিসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে একটি তালিকা তৈরী করতে হবে। উক্ত তালিকা অনুযায়ী নথিসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য দূতাবাস/মিশন বরাবর পত্র দেয়ার বিষয়ে আলোচনা হয়। | দুর্ঘটনায় বিদেশে মৃত কর্মীর মৃত্যুজনিত ক্ষতিপূরণ মামলা পরিচালনার জন্য পাওয়ার অব অ্যাটর্নি প্রেরণ সংক্রান্ত নথিসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে একটি তালিকা তৈরী প্রস্তুত করে দূতাবাস/মিশন বরাবর প্রেরণ করতে হবে। | পরিচালক (অর্থ কল্যাণ) ও পরিচালক (আইআরপি) |
| ৪.০ | কর্মকর্তা/কর্মচারীদের গ্রাচুইটি তহবিল সংরক্ষণের জন্য একটি একাউন্ট খোলা প্রসঙ্গে। | কল্যাণ বোর্ডের কর্মচারীগণ চাকুরি শেষে গ্রাচুইটির অর্থ যাতে একসাথে পেতে পারে সেজন্য কল্যাণ বোর্ড হতে এককালীন থোক বরাদ্দ মঞ্জুর এবং প্রতি মাসে কর্মচারীদের বেতনের ১৮-২০% সমপরিমাণ অর্থ স্থানান্তরপূর্বক গ্রাচুইটি তহবিল গঠণের জন্য একটি আলাদা একাউন্ট খোলা প্রয়োজন। এতদসংক্রান্ত বিষয়ে বিস্তারিত উল্লেখপূর্বক আগামী বোর্ড সভায় একটি প্রস্তাব উপস্থাপনের জন্য সভায় আলোচনা হয়। | কল্যাণ বোর্ডের কর্মচারীগণ চাকুরি শেষে গ্রাচুইটির অর্থ যাতে একসাথে পেতে পারে সেজন্য কল্যাণ বোর্ড হতে এককালীন থোক বরাদ্দ মঞ্জুর এবং প্রতি মাসে কর্মচারীদের বেতনের ১৮-২০% সমপরিমাণ অর্থ স্থানান্তরপূর্বক গ্রাচুইটি তহবিল গঠণের জন্য একটি আলাদা একাউন্ট খোলার বিষয়ে বিস্তারিত উল্লেখপূর্বক আগামী বোর্ড সভায় একটি প্রস্তাব উপস্থাপন করতে হবে। | পরিচালক (অর্থ কল্যাণ) ও পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |
| ৫.০ | প্রবাসী কর্মীদের কল্যাণ হাসপাতাল/ শিক্ষা প্রতিষ্ঠান/ আইটি সেন্টার নির্মাণের জন্য জমি ক্রয়। | পূর্বাচল অথবা ঢাকার অদূরে সুবিধামত স্থানে প্রবাসীদের কল্যাণে হাসপাতাল / ডায়াগনিস্টিক সেন্টার/ শিক্ষা প্রতিষ্ঠান ও আইটি সেন্টার এবং কর্মচারীদের আবাসন নির্মাণের লক্ষ্যে চাহিদা মোতাবেক জমি ক্রয়ের লক্ষ্যে প্রয়োজনীয় তথ্য উপাত্ত সংগ্রহ করার বিষয়ে সভায় আলোচনা হয়। | পূর্বাচল অথবা ঢাকার অদূরে সুবিধামত স্থানে প্রবাসীদের কল্যাণার্থে হাসপাতাল / ডায়াগনিস্টিক সেন্টার/ শিক্ষা প্রতিষ্ঠান/ আইটি সেন্টার এবং কর্মচারীদের আবাসন নির্মাণের জন্য চাহিদা মোতাবেক জমি ক্রয়ের লক্ষ্যে প্রয়োজনীয় তথ্য উপাত্ত সংগ্রহ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |
| ৬.০ | ইনোভেশন কার্যক্রম | (ক) পরিচালক (আইআরপি) সভায় জানান যে, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী কল্যাণ বোর্ডের ইনোভেশন কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে অফিসের বাহিরে সুবিধাজনক স্থানে কর্মকর্তাদের ইনোভেশন সম্পর্কিত একটি প্রশিক্ষণের আয়োজন করা প্রয়োজন। তাছাড়া- | (ক) কল্যাণ বোর্ডের ইনোভেশন কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে অফিসের বাহিরে সুবিধাজনক স্থানে কর্মকর্তাদের ইনোভেশন সম্পর্কিত একটি প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | পরিচালক (আইআরপি) |
| | | (খ) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর সার্বিক কার্যক্রম শোকেসিং (Showcasing) এর মাধ্যমে সর্বসাধারণের জ্ঞাতার্থে একটি ওয়ার্কশপ অনুষ্ঠানের প্রস্তাব করেন যা সভায় আলোচনা হয়। | (খ) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর সার্বিক কার্যক্রম শোকেসিং (Showcasing) এর মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে অবহিত করণের জন্য একটি ওয়ার্কশপ আয়োজন করতে হবে। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

**(গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি)**
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।

অনুলিপি :

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
২। পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৪। উপ-পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৫। ডাটাবেইজ এ্যাডমিনিষ্ট্রেটর/সিস্টেম এ্যাডমিনিষ্ট্রেটর, আইটি শাখা, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। সহকারী পরিচালক (সকল) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৭। উপ-সহকারী পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৮। সংশ্লিষ্ট সকল নথি উপস্থাপনকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১০। পরিচালক (অর্থ ও কল্যাণ/ (প্রশাসন ও উন্নয়ন) /(তথ্য-প্রযুক্তি, গবেষণা ও পরিকল্পনা) এর ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১১। মাষ্টার নথি/২০১৭।